# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

আইন, গবেষণা ও মুল্যায়ন বিভাগ

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

"শুদ্ধাচার আর শিষ্টাচার
কর্মসংস্থান ব্যাংকের অঙ্গীকার"

আগমুবি পরিপত্র নং-০১/২০১৯

তারিখ ঃ১৮.০৬.২০১৯

বিষয়ঃ **কর্মসংস্থান ব্যাংকের জন্য আইনজীবী প্যানেলভুক্তকরণের সমন্বিত নীতিমালা**।

কর্মসংস্থান ব্যাংকের জন্য আইনজীবী প্যানেলভুক্ত করণের নীতিমালা গত ১৭.১১.২০১১ তারিখে পরিচালনা বোর্ডের ১৭২তম সভায় উপস্থাপন করা হয় এবং বোর্ড কর্তৃক তা অনুমোদিত হয় যা ০৭.১২.২০১১ তারিখের সূত্র নং-কেবি/প্রকা/ঋআবি-৩(২৫)/২০১১-২০১২/৬৪৫(২৩) এর মাধ্যমে সকল শাখাকে অবহিত করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। অত:পর সময় সময় ব্যাংক কার্যক্রমের কলেবর বৃদ্ধিসহ বিভিন্ন প্রেক্ষিতে আইনী সেবা প্রদানের প্রয়োজনে ব্যাংকের ১৭৫, ২০২, ২২৬ ও ২৭০তম বোর্ড সভায় এতদবিষয়ে কতিপয় সংশোধনী আনা হয়।

০২। এতদপ্রেক্ষিতে মূলনীতিমালার সাথে সংশোধিত বিষয় সমন্বয়পূর্বক একটি সমন্বিত নীতিমালা জারী করা হলো। উল্লেখ্য, আবেদনকারীর যোগ্যতা ও অভিজ্ঞতা, ফি ও আর্থিক সুবিধা, প্যানেলভুক্তির পদ্ধতি, প্যানেল আইনজীবীর দায়িত্ব ও কর্তব্য, প্যানেলের আয়ুস্কাল, নিষেধাত্মক বিধি ও উভয়ের জন্য প্যানেল বাতিলের উপায় এ নীতিমালার মূল প্রতিপাদ্য। প্যানেলভুক্তকরণের শর্তাবলী, আবেদনপত্রের নমুনা (সংযুক্তি-০১), বিশ্বস্ততা ও গোপনীয়তা রক্ষার ঘোষনাপত্রের নমুনা (সংযুক্তি-০২), আবেদনকারীগণের তথ্য সংরক্ষণ শীট, বাছাই করনের মাপকাঠি ও আইনী সেবার জন্য প্রদেয় ফি'র (পরিচালনা বোর্ডের অনুমোদিত) চার্ট এ নীতিমালার অন্তর্ভূক্ত করা হয়েছে যা নিম্নে বর্ননা করা হলো।

০৩। **আইন উপদেষ্টা/আইনজীবী প্যানেলভুক্তকরণের শর্তাবলীঃ**

১. আবেদনকারীকে আইন বিষয়ে অন্যুন স্নাতক ডিগ্রীধারী ও বাংলাদেশ বার কাউন্সিল হতে সনদপত্র প্রাপ্ত এবং মামলা পরিচালনায় কমপক্ষে ১০(দশ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; তবে ১০বছরের বাস্তব অভিজ্ঞতার বিষয়টি ক্ষেত্র বিশেষে শিথিলযোগ্য (দরখাস্ত প্রাপ্তির সংখ্যা চাহিদার তুলনায় কম হলে);

২. আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং সংশ্লিষ্ট জেলা সদরে স্থায়ীভাবে বসবাসকারী আইন ব্যবসায়ে নিয়োজিত আইনজীবী হতে হবে;

৩. বর্তমানে আইন ব্যবসায়ে নিয়োজিত আছেন এবং অবসরপ্রাপ্ত জেলা জজ (অনুর্ধ পঁয়ষট্টি বছর) আবেদন করতে পারবেন;

৪. ব্যাংক কোম্পানী আইন, ব্যাংকিং আইন, অর্থঋণ আদালত আইন ও পিডিআর এ্যাক্ট এবং অন্যান্য দেওয়ানী মোকদ্দমা সংক্রান্ত আইনে অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে;

৫. প্যানেলভুক্ত আইনজীবীগণ ব্যাংকের মামলা পরিচালনা, আইনগত মতামত ও প্রয়োজনীয় আইনী সেবা প্রদানের জন্য ব্যাংকের অনুমোদিত হারে ফি প্রাপ্য হবেন (সংযুক্তি-০৩)। ফি ব্যতীত মাসিক কোন প্রকার বেতন বা ভাতা প্রাপ্য হবেন না;

৬. একজন প্যানেলভুক্ত আইনজীবী একই সময়ে তিনটির অধিক প্রতিষ্ঠানে তালিকাভুক্ত হিসেবে নিয়োজিত থাকতে পারবেন না;

৭. ০৩(তিন) বছরের জন্য আইনজীবী প্যানেলভুক্ত করা হবে এবং উক্ত মেয়াদান্তে আগ্রহী আইনজীবীদের আবেদনের প্রেক্ষিতে প্যানেল নবায়নকরণ করা যেতে পারে। মেয়াদকাল পূর্তির আগে যে কোন পক্ষ ৩০দিনের নোটিশে প্যানেল বাতিল/ইস্তফা প্রদান করতে পারবেন;

৮. ব্যাংকের প্যানেলভুক্ত আইনজীবী হিসেবে নিয়োজিত থাকাকালীন সময়ে ব্যাংক সংক্রান্ত বিষয়ে ব্যাংকের প্রতিপক্ষকে মতামত প্রদান কিংবা ব্যাংকের বিরুদ্ধে কোন আদালতে মামলা পরিচালনা কিংবা ব্যাংকের প্রতিপক্ষকে সমর্থন করা যাবে না;

৯. ব্যাংকের মুল মামলা যে প্যানেল আইনজীবীর মাধ্যমে দায়ের করা হবে সংশ্লিষ্ট মামলার ডিক্রী প্রাপ্তির পর সম্ভাব্যক্ষেত্রে সেই প্যানেল আইনজীবী ডিক্রীজারী/কার্যকর মামলা দায়ের ও পরিচালনা করবেন;

১০. প্যানেলভুক্তির নিমিত্তে বিজ্ঞপ্তি জারীর পূর্বে কোন আবেদনকারী আবেদন করে থাকলে তা বাতিল বলে গণ্য হবে;

১১. ফৌজদারী আইনে দন্ডপ্রাপ্ত অথবা বাংলাদেশ বার কাউন্সিল হতে দন্ডপ্রাপ্ত কোন আইনজীবী অত্র ব্যাংকে আইনজীবী হিসেবে প্যানেলভুক্তির জন্য আবেদন করতে পারবেন না;

১২. প্যানেল আইনজীবীগণ প্রধান কার্যালয়ের আইন, গবেষণা ও মূল্যায়ন বিভাগের সার্বিক তত্ত্বাবধানে প্রধান কার্যালয়/ নির্ধারিত জেলায় অবস্থিত আঞ্চলিক কার্যালয় ও জেলার অন্তর্গত উপজেলা শাখাসমূহের আইনগত মতামত ও মামলা সংক্রান্ত কার্যাবলী ব্যাংকের চাহিদা মোতাবেক সম্পাদন করবেন। দায়িত্ব পালনের ক্ষেত্রে প্যানেল আইনজীবীগণের প্রচেষ্টার অভাবে/ভূল-ভ্রান্তির জন্য ব্যাংক কোন ক্ষতির সম্মুখীন হলে কর্তৃপক্ষের নিকট তাঁকে জবাবদিহি করতে হবে এবং তদপ্রেক্ষিতে ব্যাংকের যাবতীয় ক্ষয়-ক্ষতির জন্য সংশ্লিষ্ট প্যানেল আইনজীবী দায়ী থাকবেন;

১৩. ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতার সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি, দেওয়ানী মোকদ্দমা পরিচালনার অভিজ্ঞতা বিষয়ে জেলা জজের প্রত্যয়নপত্র, বাংলাদেশ বার কাউন্সিলের সনদপত্র এবং সংশ্লিষ্ট জেলা আইনজীবী বার সমিতির সনদপত্রসমূহের সত্যায়িত ফটোকপি অবশ্যই আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। প্রধান কার্যালয়, ঢাকা আঞ্চলিক কার্যালয় ও ঢাকাস্থ শাখাসমূহের প্যানেল আইনজীবীর ক্ষেত্রে সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশনের সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে;

১৪. প্রাপ্ত নম্বরের মেধাক্রমানুসারে আইনজীবী প্যানেলভুক্তকরণ;

১৫. যে কোন জেলা থেকে (নির্ধারিত সংখ্যার অতিরিক্ত) অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবীদের আবেদন পাওয়া গেলে তাঁদেরকে প্যানেলভুক্তির ক্ষমতা পরিচালন বোর্ডের এখতিয়ারাধীন থাকবে;

১৬. প্রতিটি জেলায় ১০জন এবং ঢাকা জেলায় ২০জন আইনজীবী প্যানেলভুক্তকরন করা যাবে;

১৭. প্যানেলভুক্ত আইনজীবীর সংখ্যা যেসব জেলায় নির্ধারিত সংখ্যার চেয়ে কম সেসব জেলায় ব্যাংকের আইনী সেবা গ্রহণের কার্যক্রম/মামলা পরিচালনা অত্র ব্যাংকের প্যানেলভুক্ত আইনজীবী/রাষ্ট্রায়ত্ব বাণিজ্যিক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্যানেলভুক্ত আইনজীবীর মাধ্যমে পরিচালনা করা যাবে;

১৮. এতদ্ব্যতীত ব্যাংকের স্বার্থ সংরক্ষণে এবং বোর্ড কর্তৃক অনুমোদিত নীতিমালার আলোকে আইনজীবী প্যানেলভুক্তকরণ ও বাতিলের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালকের উপর ন্যস্ত থাকবে;

১৯. একই নম্বর প্রাপ্ত একাধিক প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে শিক্ষাগতযোগ্যতা ও অভিজ্ঞতাকে অগ্রাধিকার প্রদান করা হবে;

২০. বয়সসীমাঃ আইনজীবী প্যানেলভুক্তকরণের বয়সসীমা ৬৫বছর এবং ৬৫বছরের উর্দ্ধে হলে প্রতি বছরের জন্য ০১ নম্বর বাদ দেয়া হবে;

২১. প্র্যাকটিসের স্তর/স্থানঃ হাইকোর্ট/সুপ্রিম কোর্ট/নিম্ন আদালত;

২২. এছাড়া প্যানেলভুক্ত আইনজীবীদের মধ্যে যদি কারোর কাজ সন্তোষজনক না হয় তবে পরিচালনা বোর্ড যে কোন সময় উক্ত প্যানেলভুক্ত আইনজীবীকে অপসারন এবং প্যানেলবহির্ভূত আইনজীবীকে তাঁর যোগ্যতা যাচাই সাপেক্ষে প্যানেলভুক্ত করতে পারবে;

**৪। আইনজীবী প্যানেলভুক্তকরণের আবেদনপত্র সংগ্রহ ও জমাঃ**

(ক) কর্মসংস্থান ব্যাংকের আইনজীবী প্যানেলভূক্ত হওয়ার জন্য আগ্রহী প্রার্থীগণকে ব্যাংকের নির্ধারিত ফরমে (সংযুক্তি-০১) আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ নির্ধারিত তারিখের মধ্যে নিম্নবর্ণিত কার্যালয়ে পৌঁছাতে হবেঃ

| ক্রমিক নং | যে কার্যালয়ের জন্য প্যানেল আইনজীবী প্যানেলভূক্ত করা হবে | আবেদনপত্র জমাদানের স্থান |
|---|---|---|
| (০১) | কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়, ঢাকা ও ঢাকা উত্তর এর জন্য। | আইন, গবেষণা ও মূল্যায়ন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা। |
| (০২) | ঢাকা জেলা ব্যতীত অপর ৬৩টি জেলার জন্য। | স্ব-স্ব জেলা সদরে অবস্থিত কর্মসংস্থান ব্যাংকের আঞ্চলিক কার্যালয় / জেলা সদর শাখা। |

খ) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

গ) আবেদন ফরম কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এবং মাঠ পর্যায়ের সকল জেলা সদর শাখা হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।

২/৩

**৫। কর্মসংস্থান ব্যাংকে প্যানেলভুক্ত হওয়ার জন্য আবেদনকারীগণের তথ্য সংরক্ষণ শীটঃ**

| ক্রঃ নং | কার্যালয়/ শাখার নাম | আবেদনকারী আইনজীবীর নাম | বর্তমানে যে যে ব্যাংক/ প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী | প্রাপ্ত নম্বর | প্রাপ্ত নম্বর অনুসারে স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |

**৬। আইনজীবী প্যানেলভুক্ত করণের জন্য বাছাই কমিটি পুনঃগঠনঃ**

আইনজীবী প্যানেলভুক্ত করণের জন্য পরিচালনা বোর্ড নিম্নোক্ত বাছাই কমিটি পুনঃগঠন করেঃ

১। মহাব্যবস্থাপক (পরিচালন) — সভাপতি

২। উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে) — সদস্য

৩। সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র প্রিন্সিপাল অফিসার — সদস্য সচিব

**৭। প্যানেল আইনজীবী বাছাইকরণের মাপকাঠিঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | শিক্ষাগত যোগ্যতাঃ | | | সর্বোচ্চ-৩০ |
| | | এলএল.বি (অনার্স), এলএল.এম ও তদুর্দ্ধ | ৩০ | |
| | | এলএলবি (অনার্স) | ২৫ | |
| | | এমএ/এমএসসি/এমকম এলএলবি | ২০ | |
| | | বিএ, এলএলবি | ১৫ | |
| (খ) | অভিজ্ঞতা | | | সর্বোচ্চ-২৫ |
| | | ২০ বছরের জন্য | ২৫ | |
| | | ১০ বছরের জন্য | ১৫ | |
| | | পরবর্তী প্রতিবছরের জন্য | ১ | |
| (গ) | বয়স | | | সর্বোচ্চ-২০ |
| | | ৬৫ বছর পর্যন্ত | ২০ | |
| | | ৬৫ বছরের উর্দ্ধে প্রতি বছরের জন্য | (-) ১ | |
| (ঘ) | প্র্যাকটিসের স্তর/স্থান | | | সর্বোচ্চ-২৫ |
| | | হাইকোর্ট/সুপ্রিম কোর্ট | ২৫ | |
| | | নিম্ন আদালত | ১০ | |
| | | **মোটঃ** | | **১০০** |

০৮। ইতোপূর্বে জারীকৃত এতদসংক্রান্ত সকল পত্রসমূহ বাতিল বলে গণ্য হবে।

অনুমোদনক্রমে,

১৮/৬/১৯

**(জি এম রুহুল আমিন)**
উপ-মহাব্যবস্থাপক

**সূত্র: ৫৩.১৭.০০০০.০৮০.০৪.০০৫.১৭-২৭৮** **তারিখঃ ১৮.০৬.২০১৯**

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/হিসাব/নিরীক্ষা মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপ-মহাব্যবস্থাপক, আইটি বিভাগ, তাঁকে পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

০৫। উপ-মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক।

০৬। সহকারী মহাব্যবস্থাপক (বোর্ড সচিব), পরিচালনা পর্ষদ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৭। সহকারী মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক।

০৮। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক।

০৯। সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক।

১০। অফিস নথি/মহানথি।

১৮.০৬.২০১৯

**(হাছিনা মমতাজ)**
সহকারী মহাব্যবস্থাপক

সংযুক্তি-০১

ব্যবস্থাপনা পরিচালক
কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়ঃ **আইনজীবী হিসেবে প্যানেলভুক্ত হওয়ার আবেদনপত্র।**

(১) আবেদনকারীর নাম ঃ
(২) পিতার / স্বামীর নাম ঃ
(৩) মাতার নাম ঃ
(৪) স্থায়ী ঠিকানা ঃ
(৫) বর্তমান ঠিকানা (পত্র যোগাযোগের ঠিকানা ও টেলিফোন নং) ঃ
(৬) ক) জাতীয়তা ঃ
খ) জাতীয় পরিচয় পত্র নং ঃ
(৭) জন্ম তারিখ (এস.এস.সি সার্টিফিকেট অনুযায়ী) ঃ
(৮) বয়স (------------------ তারিখে) ঃ
(৯) শিক্ষাগত যোগ্যতা ঃ

| ক্রঃ নং | পরীক্ষার নাম | পরীক্ষার সন | বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম | প্রাপ্ত বিভাগ / শ্রেনী |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

(১০) আইনজীবী হিসেবে তালিকাভুক্তির তারিখ ঃ

(১১) আইন ব্যবসায়ে অভিজ্ঞতা- ঃ

(অর্থ ঋণ আদালত/জেলা জজ আদালত/প্রশাসনিক ট্রাইবুন্যাল/ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/ আপীল বিভাগ/অন্যান্য আদালতে মোকদ্দমা পরিচালনার অভিজ্ঞতা আলাদা আলাদাভাবে উল্লেখ করতে হবে)।

(১২) আইন ব্যবসায়ে বিশেষ বিশেষ ক্ষেত্রে পারদর্শিতা- ঃ

(ব্যাংক কোম্পানী আইন ও অর্থঋণ আদালত আইনের আওতায় পরিচালিত প্রতিষ্ঠানওয়ারী মোট কেসের সংখ্যা এবং পক্ষে ও বিপক্ষে রায় প্রাপ্ত কেসের সংখ্যা উল্লেখ করতে হবে। প্রয়োজনে আলাদা কাগজে তথ্য সংযোজন করা যাবে)

(১৩) বর্তমানে অন্য কোন প্রতিষ্ঠানে আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে প্রতিষ্ঠানের নাম এবং কখন হতে নিয়োজিত আছেন তাঁর বিবরণ

(১৪) আইন পেশার বাইরে অন্য কোন কাজের সংগে জড়িত থাকলে তার বিবরণ ঃ

(১৫) অন্যান্য অভিজ্ঞতা (যদি থাকে) ঃ

তারিখঃ

**আবেদনকারীর স্বাক্ষর**

সংযুক্তি-০২

## বিশ্বস্ততা এবং গোপনীয়তা রক্ষার ঘোষণা

আমি ................................................... এতদ্বারা ঘোষণা করিতেছি যে, আমি বিশ্বস্ততা ও সততার সহিত এবং আমার সাধ্যমত দক্ষতা, সামর্থ্য ও সুবিবেচনা অনুসারে কর্মসংস্থান ব্যাংকের প্যানেল আইনজীবী হিসাবে এবং আমার পদের সহিত সংশ্লিষ্ট যে কোন বিষয়ে প্রয়োজনীয় কার্য সম্পাদন ও দায়িত্ব পালন করিব।

আমি আরও ঘোষণা করিতেছি যে, ব্যাংকের কার্যকলাপ বা উহার ব্যবসা সংক্রান্ত তথ্য পাইতে আইনানুগভাবে অধিকারী নহে এইরূপ কোন ব্যক্তিকে কোন তথ্য প্রদান করিব না বা উহা প্রদানের সুযোগ দিব না অথবা অনুরূপ কোন ব্যক্তিকে ব্যাংকের ব্যবসা সংক্রান্ত বা ব্যাংকের অধিকার বা দখলভুক্ত কোন বই বা দলিলপত্র পরিদর্শন করিতে বা উহার নাগাল পাইতে দিব না।

প্যানেল আইনজীবীর স্বাক্ষর

ঘোষণাকারী আমার সম্মুখে উপরিউক্ত ঘোষণায় স্বাক্ষর দিয়াছেনঃ

উর্দ্ধতন কর্মকর্তার দস্তখত ...................
উর্দ্ধতন কর্মকর্তার পদবী, ঠিকানা ও সীল ..............
তারিখঃ

# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

সংযুক্তি-০৩

**আইন, গবেষণা ও মূল্যায়ন বিভাগ**

প্যানেল আইনজীবীগণের সেবাদানের জন্য প্রাপ্য ফিসের হার
(পরিচালন বোর্ডের ২৩.০৭.২০১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ২১৪তম সভায় অনুমোদিত)

| ক্রমিক নং | কাজের ধরণ | ঢাকা শহর | ঢাকার বাইরে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | চুক্তিপত্র/লিজ দলিল/বিক্রয় দলিল/ জামানতি সম্পত্তির মালিকানা/ ব্যাংকের অভ্যন্তরীণ বিষয় ইত্যাদি সম্পর্কে আইনগত মতামত | ৬০০/- | ৫০০/- |
| ২ | পাওয়ার অব এটর্নি/ এমওইউ ইত্যাদি প্রণয়ন | ১৫০০/- | ১২০০/- |
| ৩ | ক্রোকি আবেদন/ নিষেধাজ্ঞার আবেদন এবং এতদসংক্রান্ত শুরু থেকে শেষ পর্যন্ত যাবতীয় কাজ (বন্ধক বহির্ভূত সম্পত্তির ক্ষেত্রে প্রযোজ্য) | ১৫০০/- | ১০০০/- |
| ৪ | স্বত্ব নির্ধারণ/ বন্ধকি সম্পত্তির মালিকানা/ দলিলপত্র পরীক্ষা করে স্বত্ব নির্ধারণ করত: সনদ প্রদান/বন্ধকী দলিলের খসড়া প্রণয়ন | ১৫০০/- | ১২০০/- |
| ৫ | পাওনা আদায় কল্পে আদালতে/ অর্থ ঋণ আদালতে দায়েরকৃত মামলা/ মানিস্যুট/ টাইটেলস্যুট/অর্থ মামলা প্রভৃতির জন্য হাজিরাসহ ফিস (আরজি প্রণয়নসহ মামলা দায়ের, পদক্ষেপ গ্রহণ, চূড়ান্ত শুনানি পর্যন্ত স্ট্যাম্প ফিস ব্যতীত সকল ফিস এতে অন্তর্ভূক্ত থাকবে)। | (ক) ৫০,০০০/- টাকা পর্যন্ত ৭.৫% হারে সর্বনিম্ন ২,০০০/- | (ক) ৫০,০০০/- টাকা পর্যন্ত ৭.৫% হারে সর্বনিম্ন ১৫০০/- |
| | | (খ) ৫০,০০১/- থেকে ২,০০,০০০/- টাকা পর্যন্ত ৪% হারে সর্বনিম্ন ৪০০০/- | (খ) ৫০,০০১/- থেকে ২,০০,০০০/- টাকা পর্যন্ত ৪% হারে সর্বনিম্ন ৩০০০/- |
| | | (গ) ২,০০,০০১/- থেকে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত ২% হারে সর্বনিম্ন ৮০০০/- | (গ) ২,০০,০০১/- থেকে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত ২% হারে সর্বনিম্ন ৭০০০/- |
| | | ঘ) ৫,০০,০০১/- থেকে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত ১.২৫% হারে সর্বনিম্ন ১০০০০/- | (ঘ) ৫,০০,০০১/- থেকে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত ১.২৫% হারে সর্বনিম্ন ৮০০০/- |
| | | (ঙ) ১০,০০,০০০/- টাকার উর্দ্ধে ১% হারে সর্বনিম্ন ১২০০০/- এবং সর্বোচ্চ ২০,০০০/- | (ঙ) ১০,০০,০০০/- টাকার উর্দ্ধে ১% হারে সর্বনিম্ন ১০৫০০/- এবংসর্বোচ্চ ১৮,০০০/- |
| ৬ | (ক) সহকারী জজ/সিনিয়র সহকারী জজ/যুগ্ম জজ আদালতে মামলা পরিচালনা। | (ক) সর্বমোট ৪৫০০/- | (ক) মোট ৪০০০/- |
| | (খ) জেলা জজ/দায়রা জজ/ অতিরিক্ত জেলা জজ আদালতে মামলা/ আপিল মামলা পরিচালনা | (খ) সর্বমোট ৬০০০/- | (খ) মোট ৪৫০০/- |
| | (গ) প্রশাসনিক ট্রাইব্যুনালে মামলা পরিচালনা। | (গ) শুনানিকালে ৩০০০/- এবং নিষ্পত্তির পর ২০০০/- সর্বমোট ৫০০০/- | (গ) শুনানিকালে ২৫০০/- ও নিষ্পত্তির পর ২০০০/- সর্বমোট ৪৫০০/- |

| ক্রমিক নং | কাজের ধরণ | ঢাকা শহর | ঢাকার বাইরে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | (ঘ) প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে মামলা পরিচালনা | (ঘ) শুনানিকালে ৩০০০/- এবং নিষ্পত্তির পর ৩০০০/- সর্বমোট ৬০০০/- | (ঘ) শুনানিকালে ২৫০০/- ও নিষ্পত্তির পর ২০০০/- সর্বমোট ৪৫০০/- |
| | (ঙ) হাউস রেন্ট কন্ট্রোলে মামলা পরিচালনা | (ঙ) সর্বমোট ৩০০০/- | (ঙ) সর্বমোট ২৫০০/- |
| | (চ) সহকারী কমিশনার অফিসে মামলা পরিচালনা | (চ) সর্বমোট ২০০০/- | (চ) সর্বমোট ১৫০০/- |
| | (ছ) সেটেলমেন্ট কোর্টে মামলা পরিচালনা | (ছ) সর্বমোট ৩০০০/- | (ছ) সর্বমোট ২০০০/- |
| | (জ) জমি অধিগ্রহণ সম্পর্কিত মামলা পরিচালনা | (জ) সর্বমোট ৩০০০/- | (জ) সর্বমোট ২০০০/- |
| | (ঝ) নিষেধাজ্ঞা ও জামানত ক্রোকের আবেদন | (ঝ) সর্বমোট ১৫০০/- | (ঝ) সর্বমোট ১০০০/- |
| | (ঞ) অর্থ ঋণ/ টাইটেলস্যুট/ মানিস্যুট থেকে উদ্ভূত মিস কেস/রিভিউ কেস (ষ্ট্যাম্প খরচ ব্যতীত)। | সর্বমোট ৪০০০/- (একটি মূল মামলা থেকে একাধিক মিস কেস উদ্ভুত হলেও সর্বমোট ৪০০০/- টাকা প্রাপ্য) | সর্বমোট ৩০০০/- (একটি মূল মামলা থেকে একাধিক মিস কেস উদ্ভুত হলেও সর্বমোট ৩০০০/- টাকা প্রাপ্য) |
| | (ট) এক্সিকিউশন কেসঃ<br>১) নিম্নের প্রক্রিয়ায় প্রদেয় হবেঃ-<br>(ক) ডিক্রীজারী মামলা দায়েরের সময়<br>(খ) নিলাম বিজ্ঞপ্তি জারীর পর<br>(গ) নিলাম কনফার্ম হওয়ার পর | (১) নিম্নরূপভাবে ৩০০০/- টাকা প্রাপ্যঃ<br>ক) ১০০০/-<br>খ) ১০০০/-<br>গ) ১০০০/- | (১) নিম্নরূপভাবে ২৪০০/- টাকা প্রাপ্যঃ<br>ক) ৮০০/-<br>খ) ৮০০/-<br>গ) ৮০০/- |
| | (ঠ) ডিক্রীজারী মামলা দায়ের করার ৬ মাসের মধ্যে নিলাম কনফার্ম হলে সংশ্লিষ্ট আইনজীবীকে উৎসাহিত করার লক্ষ্যে অতিরিক্ত প্রদান | ১০০০/- | ৮০০/- |
| | (ড) অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩(৫) ও ৩৩ (৭) ধারা অনুযায়ী সনদ এবং ৩৪ ধারা অনুযায়ী ইস্যুকৃত আটক আদেশের সনদ উত্তোলন | ৮০০/- | ৭০০/- |
| ৭ | (ক) মহানগর চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট/চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট/জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট কোর্টে মামলা পরিচালনা | (১) আরজি/জবাব প্রস্তুত ও এফিডেভিটসহ দাখিল ৮০০/-<br>(২) শুনানির জন্য ধার্যকৃত দিনে শুনানি/আংশিক শুনানির জন্য প্রতিদিন ৩৭৫/- টাকা।<br>(৩) ধার্যকৃত দিনে শুনানি না হলে শুনানির জন্য নির্ধারিত ফিসের ৫০% হারে প্রতিদিন ১৭৫/- টাকা।<br>(৪) শুনানি ব্যতীত অন্যান্য হাজিরা ও অন্যান্য পদক্ষেপ গ্রহণ ইত্যাদির জন্য প্রতিদিন ১২৫/- | (১) আরজি/জবাব প্রস্তুত ও এফিডেভিটসহ দাখিল ৮০০/-<br>(২) শুনানির জন্য ধার্যকৃত দিনে শুনানি/আংশিক শুনানির জন্য প্রতিদিন ৩৭৫/- টাকা।<br>(৩) ধার্যকৃত দিনে শুনানি না হলে শুনানির জন্য নির্ধারিত ফিসের ৫০% হারে প্রতিদিন ১৭৫/- টাকা।<br>(৪) শুনানি ব্যতীত অন্যান্য হাজিরা ও অন্যান্য পদক্ষেপ গ্রহণ ইত্যাদির জন্য প্রতিদিন ১২৫/- |

| ক্রমিক নং | কাজের ধরণ | ঢাকা শহর | ঢাকার বাইরে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | (খ) ফৌজদারী মিস কেস | (খ) শুনানিকালে ২২৫০/-, মামলা নিষ্পত্তির পর ২২৫০/- মোট ৪৫০০/- | (খ) শুনানিকালে ২২৫০/-, মামলা নিষ্পত্তির পর ২২৫০/- মোট ৪৫০০/- |
| | (গ) সেসন জজ/মহানগর সেসন জজ/সেসন জজ স্পেশাল ট্রাইব্যুনাল/ বিভাগীয় বিশেষ আদালতে মামলা পরিচালনা | (১) আরজি/জবাব প্রস্তুত ও এফিডেভিটসহ দাখিল ১০০০/-(২) শুনানির জন্য ধার্যকৃত দিনে শুনানি/আংশিক শুনানির জন্য প্রতিদিন ৪০০/- টাকা।<br>(৩) ধার্যকৃত দিনে শুনানি না হলে শুনানির জন্য নির্ধারিত ফিসের ৫০% হারে প্রতিদিন ২০০/- টাকা।<br>(৪) শুনানি ব্যতীত অন্যান্য হাজিরা ও অন্যান্য পদক্ষেপ গ্রহণ ইত্যাদির জন্য প্রতিদিন ১৫০/- | (১) আরজি/জবাব প্রস্তুত ও এফিডেভিটসহ দাখিল ১০০০/-<br>(২) শুনানির জন্য ধার্যকৃত দিনে শুনানি/আংশিক শুনানির জন্য প্রতিদিন ৪০০/- টাকা।<br>(৩) ধার্যকৃত দিনে শুনানি না হলে শুনানির জন্য নির্ধারিত ফিসের ৫০% হারে প্রতিদিন ২০০/- টাকা।<br>(৪) শুনানি ব্যতীত অন্যান্য হাজিরা ও অন্যান্য পদক্ষেপ গ্রহণ ইত্যাদির জন্য প্রতিদিন ১৫০/- |
| | (ঘ) দায়িত্ব ও কর্তব্য পালনকালে কোন কর্মকর্তা/কর্মচারী ফৌজদারী মামলার আসামী হলে সেক্ষেত্রে ব্যাংক কর্তৃক মামলা পরিচালনার দায়িত্ব গ্রহণ করা হলে(কোর্ট ফি ও ষ্ট্যাম্প খরচ ব্যতীত) | (গ) শুনানিকালে ২৫০০/-, মামলা নিষ্পত্তির পর ২৫০০/- সর্বমোট ৫০০০/- (কোর্ট ফি ও ষ্ট্যাম্প খরচ ব্যতীত) | (গ) শুনানিকালে ২২৫০/-, মামলা নিষ্পত্তির পর ২২৫০/- সর্বমোট ৪৫০০/- (কোর্ট ফি ও ষ্ট্যাম্প খরচ ব্যতীত) |
| | (ঙ) দায়রা জজ আদালতে ফৌজদারী আপিল দায়ের ও পরিচালনা | (১) আরজি/জবাব প্রস্তুত ও এফিডেভিটসহ দাখিল ১০০০/-<br>(২) শুনানির জন্য ধার্যকৃত দিনে শুনানি/আংশিক শুনানির জন্য প্রতিদিন ৪০০/- টাকা।<br>(৩) ধার্যকৃত দিনে শুনানি না হলে শুনানির জন্য নির্ধারিত ফিসের ৫০% হারে প্রতিদিন ২০০/- টাকা। | (১) আরজি/জবাব প্রস্তুত ও এফিডেভিটসহ দাখিল ১০০০/-<br>(২) শুনানির জন্য ধার্যকৃত দিনে শুনানি/আং শিক শুনানির জন্য প্রতিদিন ৪০০/- টাকা।<br>(৩) ধার্যকৃত দিনে শুনানি না হলে শুনানির জন্য নির্ধারিত ফিসের ৫০% হারে প্রতিদিন ২০০/- টাকা।<br>(৪) শুনানি ব্যতীত অন্যান্য হাজিরা ও অন্যান্য পদক্ষেপ গ্রহণ ইত্যাদির জন্য প্রতিদিন ১৫০/- |
| | (চ) জেলা জজ আদালত/অর্থ ঋণ আদালত/অন্যান্য নিম্ন আদালতে ব্যাংকের বিরুদ্ধে দায়েরকৃত মানি বা স্বত্ব মামলা থেকে উদ্ভুত সুপ্রীম কোর্ট ব্যতীত আপিল মামলা পরিচালনা (কোর্ট ফি ও ষ্ট্যাম্প খরচ ব্যতীত)। | (চ) মামলা দায়েরের পর ৩০০০/- এবং নিষ্পত্তির পর ৩০০০/- সর্বমোট ৬০০০/- (কোর্ট ফি ও ষ্ট্যাম্প খরচ ব্যতীত) | (চ) মামলা দায়েরের পর ২৫০০/- এবং নিষ্পত্তির পর ২৫০০/- সর্বমোট ৫০০০/- (কোর্ট ফি ও ষ্ট্যাম্প খরচ ব্যতীত) |

| ক্রমিক নং | কাজের ধরণ | ঢাকা শহর | ঢাকার বাইরে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৮ | (ক) বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে যে কোন ধরনের আপিল/রিভিউ/ রিভিশন/ রিভিউ ফৌজদারী মিস আপিল/রিট ইত্যাদি দায়ের ও পরিচালনা | (১) আরজি/ জবাব প্রস্তুত ও এফিডেভিটসহ দাখিল ৩০০০/-<br>(২) শুনানির জন্য ধার্যকৃত দিনে শুনানি/আংশিক শুনানির জন্য প্রতিদিন ১৫০০/- টাকা।<br>(৩) ধার্যকৃত দিনে শুনানি না হলে শুনানির জন্য নির্ধারিত ফিসের ৫০% হারে প্রতিদিন ৭৫০/- টাকা।<br>(৪) শুনানি ব্যতীত অন্যান্য হাজিরা ও অন্যান্য পদক্ষেপ গ্রহণ ইত্যাদির জন্য প্রতিদিন ৫০০/- টাকা সর্বোচ্চ ১০,০০০/- টাকা। | (১) আরজি/জবাব প্রস্তুত ও এফিডেভিটসহ দাখিল ৩০০০/-<br>(২) শুনানির জন্য ধার্যকৃত দিনে শুনানি/আংশিক শুনানির জন্য প্রতিদিন ১৫০০/- টাকা।<br>(৩) ধার্যকৃত দিনে শুনানি না হলে শুনানির জন্য নির্ধারিত ফিসের ৫০% হারে প্রতিদিন ৭৫০/- টাকা।<br>(৪) শুনানি ব্যতীত অন্যান্য হাজিরা ও অন্যান্য পদক্ষেপ গ্রহণ ইত্যাদির জন্য প্রতিদিন ৫০০/- টাকা সর্বোচ্চ ১০,০০০/- টাকা। |
| | (খ) ওকালতনামা দাখিলের জন্য | সর্বমোট ৪০০/- -- | |
| | (গ) ব্যাংকের বিরুদ্ধে দায়রকৃত রীটের বিপরীতে প্রয়োজনে নথি তলব, সমন জারী ও অন্যান্য পদক্ষেপ ত্বরান্বিতকরণ। | সর্বমোট ১০০০/- -- | |
| | (ঘ) এফিডেভিট ফর ভ্যাকেট পিটিশন/ এপ্লিকেশন ফর ভ্যাকেটিং | সর্বমোট ১০০০/- -- | |
| | (ঙ) সাপ্লিমেন্টারী/কাউন্টার এভিডেভিট ইন অপজিশন (প্রতিটির জন্য প্রযোজ্য) | (ঙ) সর্বমোট ১৫০০/- | |
| | (চ) রেস্টোরেশনের জন্য এফিডেভিট (প্রয়োজনবোধে)। | (চ) সর্বমোট ২০০০/- -- | |
| | (ছ) রীট পিটিশন/মেমো অব আপিল/রিভিশন এর কপি আদালত থেকে উত্তোলনের জন্য (ব্যাংক যদি না পেয়ে থাকে) | (ট) সর্বমোট ৫০০/- -- | |
| | (ঝ) করনিক ফি | সকলক্ষেত্রে আইনজীবীর ফিসের ১৫% | |
| ৯ | (ক) বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপিল বিভাগে ফৌজদারী/ দেওয়ানী লীভ-টু-আপীল/মিস আপীল রিভিউ/রিভিশন ইত্যাদি দায়ের ও পরিচালনা | (ক) মামলা দায়ের/শুনানি শুরু হওয়ার পর ৭০০০/- এবং মামলা নিস্পত্তি করে রায়ের কপি জমা দেয়ার পর ৭০০০/- সর্বমোট ১৪,০০০/- -- | |
| | (খ) টাইপিং ও বিবিধ খরচ | (ঝ) মোট ১০০০/- | (ঝ) মোট ৮০০/- |
| | (গ) পেপার বুক সংগ্রহ | প্রতি পৃষ্ঠায় ১০/- টাকা হারে সর্বোচ্চ ৫০০/- | |
| | (ঘ) এডভোকেট অব রেকর্ড ফিস | সর্বোচ্চ ১০০০০/- | |
| ১০ | আদালত থেকে ডিক্রীপ্রাপ্ত অর্থ উত্তোলনহেতু যাবতীয় ব্যয় | প্রতিবার উত্তোলনের জন্য ৫০০/- সর্বোচ্চ ১০০০/- | প্রতিবার উত্তোলনের জন্য ৪০০/- সর্বোচ্চ ১০০০/- |
| ১১ | শিল্প আদালত/শ্রম আদালত/ অন্যান্য আদালতে যাবতীয় পদক্ষেপসহ মামলা পরিচালনা | সর্বমোট ২৫০০/- | সর্বমোট ২০০০/ |

| ক্রমিক নং | কাজের ধরণ | ঢাকা শহর | ঢাকার বাইরে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১২ | কোয়াসী জুডিশিয়াল(আধা আইনগত বিষয়ে) | সর্বমোট ৪০০০/- | সর্বমোট ৩৫০০/- |
| ১৩ | জুডিশিয়াল এলাকা বহির্ভূত (একস্থান থেকে অন্য স্থানে) ব্যাংকের পক্ষে মামলা পরিচালনা। | (ক) প্রথম শ্রেণীর জন্য নির্ধারিত ভ্রমন ভাতার সমান ভ্রমণ ভাতা<br>(খ) দৈনিক ভাতা ১০০০/- হারে এবং<br>(গ) শুনানীর জন্য প্রতিদিন ১০০০/- হারে সর্বোচ্চ ১২০০০/- তবে নারায়নগঞ্জ, গাজীপুর, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ ও নরসিংদীর জন্য যাতায়াত ভাতা ৬০০/- ও দৈনিক ভাতা ৫০০/- টাকা। | |
| ১৪ | টাইপিং চার্জ ও বিবিধ খরচ। | ১৫০০/- | |
| ১৫ | আপোষ মামলা নিষ্পত্তি/ প্রত্যাহার হলে। | মামলার পর্যায় অনুযায়ী ধার্যকৃত ফিস প্রাপ্য হবে এবং সোলেনামা চুক্তি প্রণয়ন ও এতদসংক্রান্ত যাবতীয় কার্যক্রমের জন্য মোট ২৫০০/- প্রাপ্য হবে। | মামলার পর্যায় অনুযায়ী ধার্যকৃত ফিস প্রাপ্য হবে এবং সোলেনামা চুক্তি প্রণয়ন ও এতদসংক্রান্ত যাবতীয় কার্যক্রমের জন্য মোট ২০০০/- প্রাপ্য হবে। |
| ১৬ | (ক) নিবন্ধন ফি | (ক) সরকারি হার | (ক) সরকারি হার |
| | খ) মন্ত্রণালয়/ দুতাবাসে এ সংক্রান্ত কার্য সম্পাদন | (খ) প্রতিদিন ৫০০/-, সর্বোচ্চ ১০০০/- | (খ) প্রতিদিন ৫০০/-, সর্বোচ্চ ১০০০/- |
| | (গ) যাতায়াত ভাতা বাবদ | (গ) সর্বমোট ৪০০/- | (গ) সর্বমোট ২০০/- |
| | (ঘ) সরকারী ফি। | প্রকৃত খরচ | প্রকৃত খরচ |
| | (ঙ) ষ্ট্যাম্প | প্রকৃত খরচ | প্রকৃত খরচ |
| | (চ) বিবিধ খরচ | প্রকৃত খরচ | প্রকৃত খরচ |
| ১৭ | ড্রাম বিটিং/মাইকিং | প্রতিবার ৫০০/-, সর্বোচ্চ ১৫০০/- | প্রতিবার ৪০০/-, সর্বোচ্চ ১২০০/- |
| ১৮ | ভুমি আপিল বোর্ডে, মামলা পরিচালনার জন্য | মামলা প্রতি ২০০০/- | -- |
| ১৯ | ১-১৮ ক্রমিকে বর্ণিত কাজের ধরনের অতিরিক্ত/ ভিন্ন কোন কাজ ব্যাংকের স্বার্থে করা হলে খাত বহির্ভূত দায়িত্ব পালনের জন্য | ৫০০০/- | ৪০০০/- |